

নম্বর- ০৫.৫৫.২৭০০.০০০.০১১.০২.০২৮৬.২৬- ৪১৮

তারিখ : ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের বৃহত্তম মানবসৃষ্ট দীঘি দিনাজপুর জেলার রামসাগরে আগামী ২৩ এপ্রিল ২০২৬ তারিখ বৃহস্পতিবার সন্ধ্যা ৬.০০টা হতে ২৫ এপ্রিল ২০২৬ তারিখ শনিবার সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত ৪৮ (আটচল্লিশ) ঘন্টা মৎস্য শিকারের নিমিত্ত টিকেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ৪৮ ঘন্টার জন্য প্রতিটি টিকেটের মূল্য ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা নির্ধারণ করা হয়েছে। প্রতিটি টিকেটে সর্বোচ্চ ৪ (চার)টি হইল ব্যবহার করা যাবে। মৎস্য শিকারের ঘাট ১৫০টি। টিকেটের সংখ্যা মোট ১৫০টি। এক্ষেত্রে “আগে আসলে আগে টিকেট ক্রয় করতে পারবেন”-ভিত্তিতে টিকেট বিক্রয় করা হবে। তবে লটারির মাধ্যমে ঘাট/আসন নির্ধারণ করা হবে। ০৯ এপ্রিল ২০২৬ তারিখ হতে টিকেট বিক্রয় শুরু হয়ে ২২ এপ্রিল ২০২৬ তারিখ বুধবার বিকাল ৪.০০টা পর্যন্ত টিকেট বিক্রয় করা হবে। মৎস্য শিকারের টিকেট ও এ সংক্রান্ত তথ্য অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর রাজস্ব শাখা হতে সংগ্রহ করা যাবে।

- মৎস্য শিকারের জন্য অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলি মৎস্য শিকারীগণ পালনে বাধ্য থাকবেন।
- রামসাগর দীঘিতে প্রায় ৮ (আট) মাস পূর্বে বিভিন্ন প্রজাতির ২০,০০,০০০/- টাকার ২০০ (দুইশত) মণ (প্রতিটি ১-৪ কেজি ওজনের) মৎস্য অবমুক্ত করা হয়েছে। বর্তমানে নতুন ও পুরাতন মাছসহ রামসাগরে মাছের ঘনত্ব পর্যাপ্ত রয়েছে।
- কর্তৃপক্ষ মৎস্য শিকার সংক্রান্ত বিজ্ঞপ্তির যেকোন শর্ত বাতিল, পরিবর্তন ও পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করেন।




(সুজিত সাহা)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
দিনাজপুর
☎ ০২৫৮৯৯২৪০৪৫
rdcdnj@gmail.com

নম্বর- ০৫.৫৫.২৭০০.০০০.০১১.০২.০২৮৬.২৬- ৪১৮ (৩০)

তারিখ : ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), দিনাজপুর।
- ২। সহকারী কমিশনার (ভূমি), (সকল), দিনাজপুর।
- ৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
- ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। সম্পাদক, দৈনিক করতোয়া, দিনাজপুর। বিজ্ঞপ্তি তার পত্রিকায় ১০ এপ্রিল ২০২৬ তারিখে ৩ ইঞ্চি x ৭ কলামে ১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। অফিস কপি।



রেভিনিউ ডেপুটি কালেক্টর
দিনাজপুর